

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭০

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (کتاب العلم)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

### আরবী

وَعَن الْحسن قَالَ: «الْعِلْمُ عِلْمَانِ فَعِلْمٌ فِي الْقَلْبِ فَذَاكَ الْعلم النافع وَعلم على اللِّسَان فَذَاك حُجَّةُ اللَّهِ عَزَّ وَجَلَّ عَلَى ابْنِ آدَمَ» . رَوَاهُ الدَّارمِيّ

#### বাংলা

২৭০-[৭৩] হাসান [আল বসরী] (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'ইলম দুই প্রকার। এক প্রকার 'ইলম হলো অন্তরে, যা উপকারী 'ইলম। আর অপর প্রকার 'ইলম হলো মুখে মুখে, আর এটা হলো আল্লাহর পক্ষে বানী আদমের বিরুদ্ধে দলীল। (দারিমী)[1]

## ফুটনোট

[1] মুরসালুত্ তাবি'ঈ : দারিমী ৩৬৪। তবে এর সানাদটি সহীহ।

#### ব্যাখ্যা

व्याच्या: शिनीत्म عِلْمٌ فِي الْقَلْبِ वलाउ ঐ 'ইলমকে বুঝানো হয়েছে যে, 'ইলমের উপর 'আমল করার দরুন অন্তরে তার প্রভাব পড়ে ও জ্যোতি প্রকাশ পায়। যে 'ইলম তার দাবী অনুপাতে বেগবান, সুন্নাতের প্রকাশ ঘটায় ও বিদ্'আতকে ধ্বংস করে এটিই মূলত উপকারী 'ইলম। পক্ষান্তরে عِلْمٌ عَلَى اللِّسَانِ বলতে ঐ عِلْمٌ وَاللَّهُ या মুখে চলে মুখের উপরই কেবল প্রকাশ পায়, অন্তরে তার কোন জ্যোতি ও প্রভাব প্রকাশ পায় না। যে عِلْمٌ عَلَى اللِّسَانِ হতে 'আমল করা হয় না এ ধরনের عِلْمٌ আদম সন্তানের বিরুদ্ধে আল্লাহর দলীল। কিয়ামাত (কিয়ামত) দিবসে আল্লাহ তাকে বলবেন তুমি যা শিক্ষা করেছিলে সে অনুযায়ী কি 'আমল করেছো? এ ধরনের বিদ্যা থেকেই রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম أُعُونُبِكَ مِنْ عِلْمٍ لَا يَنْفَعُ पू'আ দ্বারা পানাহ চাইতেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন